

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০০৮.১৮.৫৪

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪

১২ মার্চ ২০১৮

বিষয়: টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন ধুবড়িয়া আলিফ উদ্দিন ফাযিল মাদরাসার
গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) ধুবড়িয়া আলিফ উদ্দিন ফাযিল মাদরাসার স্মারক নং-ধুমাঃ- ২০১৮/৪৩

তারিখ: ২৬.০২.২০১৮ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত
জানানো যাচ্ছে যে, ধুবড়িয়া আলিফ উদ্দিন ফাযিল মাদরাসার গভর্নিং বডিতে
মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত
সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন
দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -
(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মো: জাকিরুল ইসলাম উইলিয়াম
বি.এ ডিগ্রিধারী একজন ব্যক্তি। তিনি (জনাব মো: জাকিরুল ইসলাম উইলিয়াম) বিগত ২০১৮ সালে মাদরাসার
একটি বড় গর্ত ভরাটের জন্য এককালীন ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মাদরাসার সাধারণ ফান্ডে জমা দেন
এবং মাদরাসায় এসে শিক্ষার্থীদের লেখা পড়ার খোঁজ খবর নিয়ে থাকেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত
আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মো: জাকিরুল ইসলাম
উইলিয়াম) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।
(খ) তাঁর (জনাব মো: জাকিরুল ইসলাম উইলিয়াম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, ধুবড়িয়া আলিফ উদ্দিন
ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল
মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো:
জাকিরুল ইসলাম উইলিয়াম, পিতা: মো: সাইফুল ইসলাম, গ্রাম ও ডাক: ধুবড়িয়া, উপজেলা:
নাগরপুর, জেলা: টাঙ্গাইল -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন
দেয়া হলো।



১২-৩-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

অধ্যক্ষ

ধুবড়িয়া আলিফ উদ্দিন ফাযিল মাদরাসা ডাক: ধুবড়িয়া,

উপজেলা: নাগরপুর, জেলা: টাঙ্গাইল।

স্মারক নম্বর:

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪
১২ মার্চ ২০১৮

৫৭.২৫.০০০০.০০৩.০৩.০০৮.১৮.৫৪/১(৪)


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩) সভাপতি, ধুবড়িয়া আলিফ উদ্দিন ফায়িল মাদরাসা ডাক: ধুবড়িয়া, উপজেলা: নাগরপুর,
জেলা: টাঙ্গাইল।

৪) জনাব মো: জাকিরুল ইসলাম উইলিয়াম,, পিতা মো: সাইফুল ইসলাম, গ্রাম ও ডাক:
ধুবড়িয়া, উপজেলা: নাগরপুর, জেলা: টাঙ্গাইল।



১২-৩-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক